



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং দুদক/প্রশাঃ ও লজিঃ/১১/২০১৬ (অংশ-২)/ ২০০৩৮(২৬০) তারিখ: ২২/৬/১৬


বিষয়: দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তা পরিচয়ে অনৈতিক আর্থিক সুবিধা গ্রহণের প্রচেষ্টা।

দুর্নীতি দমন কমিশন (দুদক) বিভিন্ন সূত্র হতে অবহিত হয়েছে যে, একাধিক সংঘবদ্ধ প্রতারক চক্র দুদক-এর কর্মকর্তা পরিচয় দিয়ে মোবাইল ফোন, টেলিফোন, ই-মেইল বা ব্যক্তিগতভাবে কাল্পনিক অভিযোগ অথবা কমিশনের বিবেচনাধীন অভিযোগ থেকে অব্যাহতি প্রদানের মিথ্যা আশ্বাস ও নানা প্রকার ভয়-ভীতি প্রদর্শন করে সরকারি-বেসরকারি চাকুরীজীবী ও ব্যবসায়ীদের নিকট থেকে অনৈতিক সুবিধা দাবী করছে।

২। সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশনের নির্দেশনা অনুযায়ী, অনুসন্ধানকারী/তদন্তকারী কর্মকর্তাগণ অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তি, সাক্ষী এবং আসামীদেরকে লিখিত পত্র দিয়ে থাকেন। অনুসন্ধান বা তদন্তকালে এদের কারও সাথে দুদকের কর্মকর্তা কর্তৃক মোবাইল ফোন, টেলিফোন, ই-মেইল বা ব্যক্তিগতভাবে যোগাযোগ করা নিষিদ্ধ করা হয়েছে।

৩। এমতাবস্থায়, কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ মোবাইল ফোন, টেলিফোন, ই-মেইল বা ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক দুদকের কর্মকর্তা/কর্মচারী পরিচয় দিয়ে অনৈতিক আর্থিক সুবিধা দাবী করলে এ বিষয়ে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়ের পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন) মীর মোঃ জয়নুল আবেদীন শিবলী (টেলিফোন নম্বর ৯৩৫২৫৫২, মোবাইল ০১৭১১-৬৪৪৬৭৫)-এর সাথে অবিলম্বে ভূয়া টেলিফোন/মোবাইল ফোন নম্বরটি অবহিত করে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৪। এ সকল প্রতারকচক্রের সদস্যদের আইনের আওতায় আনার ক্ষেত্রে কমিশন সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছে।


২২.০৬.২০১৬
ড. মোঃ শামসুল আরেফিন
সচিব

ফোন: ৯৩৬০১১০

e-mail: secretary@acc.org.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। সচিব (সকল), শ্রীমান মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৫। মহাপরিচালক, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান, র‍্যাব হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকা।
- ৬। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রো পলিটান পুলিশ, ঢাকা।
- ৭। বিভাগীয় কমিশনার, বিভাগ,
- ৮। উপ মহাপুলিশ পরিদর্শক (সকল), রেঞ্জ,
- ৯। জেলা প্রশাসক (সকল),
- ১০। পুলিশ সুপার (সকল),

কার্যার্থে:

- ১। জনাব প্রনব কুমার ভট্টাচার্য, উপপরিচালক (জনসংযোগ কর্মকর্তা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (জরুরীভিত্তিতে মিডিয়ার মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

D:\Mjpk (Admin)\Office order & Notice\Office Order.docx